গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখঃ ১১/১১/২০২০

নং-৩২.০০.০০০০.০৬০.১৪.০০১.২০-৪৪৭

বিষয়ঃ "Integrated Community Based Center for children and Protection, Women Enlightenment and Swim Safe Facilities Project (1st phase)" শীর্ষক প্রকল্প ।

সূত্র: SYNERGOS হতে গত ১১/০৭/২০২০ তারিখে প্রাপ্ত পত্র।

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রকল্পটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রাপ্ত ডিপিপি পরীক্ষান্তে নিম্নোক্ত মতামত প্রদান করা হলো:

(ক) প্রকল্পটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। তবে প্রকল্পটি বেসরকারী সংস্থা SYNERGOS কর্তৃক সরাসরি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ শিশু একাডেমির মাধ্যমে প্রকল্পটি প্রেরণ করা হয়নি এবং ডিপিপি'র নির্ধারিত স্থানে সংস্থা প্রধানের স্বাক্ষর নেই। সংস্থা প্রধানের মাধ্যমে ডিপিপি পাওয়ার পরেই প্রশাসনিক মন্ত্রণালয় থেকে অনুমোদন বিষয়ক কার্যক্রম গ্রহণ করা সমীচীন;

(খ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩১৯.৩৩৭২ কোটি টাকা যার মধ্যে বৈদেশিক সহায়তা ৫১.০৪৪৯ কোটি টাকা এবং জিওবি অর্থায়ন ২৬৮.২৯২২ কোটি টাকা। প্রকল্পের কার্যক্রম মূলত: বেসরকারী সংস্থা দ্বারা বাস্তবায়ন করা হবে এবং এ খাতে ২৯৯.৬৪ কোটি টাকা ব্যয় প্রস্তাব করা হয়েছে। 'পাবলিক প্রকিউরমেন্ট রুল-২০০৮' এর ধারা ১০৪(গ)(অ) এবং ধারা ১০৪(গ)(আ) অনুযায়ী এ কার্যক্রম বুদ্ধিবৃত্তিক এবং পেশাদারী সেবা ক্রয়ের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। তবে ডিপিপিতে এ সেবা কীভাবে ক্রয় করা হবে সে বিষয়ে কোন উল্লেখ নেই এবং ডিপিপি'র প্রস্তাবিত ক্রয় পরিকল্পনাতে সে বিষয়ে উল্লেখ করা হয়নি; যা উল্লেখ করা প্রয়োজন ।

(গ) বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক Early Learning for Child DevelopmentProject (ELCD) শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন আছে। সে ক্ষেত্রে প্রস্তাবক প্রকল্পের কার্যক্রমের সাথে কোন দ্বৈততা রয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন;

(ঘ) প্রকল্পে অনুকূলে Bloomberg, RNLI এবং BRAC IED কর্তৃক বৈদেশিক সহায়তা প্রদান করা হবে। তবে ডিপিপির উল্লেখ অনুযায়ী এর কোন অংশই প্রকল্প পরিচালকের তহবিলে সরাসরি প্রদান করা হবেনা। Bloomberg কর্তৃক সরাসরি Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB) কে অর্থায়ন করা হবে। RNLI কর্তৃক ইন-কাইন্ড সহায়তা প্রদান করা হবে এবং BRAC IED কর্তৃক শুধুমাত্র টেকনিক্যাল এসিসটেন্স প্রদান করা হবে (ডিপিপি পৃঃ ৩৩)। 'সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি-২০১৬' এর ৫.১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিশ্রুত বৈদেশিক অর্থায়ন প্রাপ্তির জন্য 'প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছক (পিডিপিপি)' প্রণয়ন করে পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদনের জন্য প্রেরণ করা প্রয়োজন। নীতিগত অনুমোদন প্রাপ্তির পরেই অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বৈদেশিক সহায়তা প্রাপ্তির নিশ্চয়তা পত্র এবং উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদিত চুক্তি ডিপিপিতে সংযোজন করা প্রয়োজন।

২। বর্ণিতাবস্থায়, "Integrated Community Based Center for children and Protection, Women Enlightenment and Swim Safe Facilities Project (1st phase)" শীর্ষক প্রকল্প প্রক্রিয়াকরণের লক্ষ্যে উপরোক্ত মতামতসহ অন্যান্য সরকারী সকল বিধিবিধান অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে ডিপিপি প্রক্রিয়াকরণ করার বিষয়ে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১১/১১/2020
(কিসমত জাহান ফেরদৌসি)
উপসচিব (পরিকল্পনা-১)
☎ ৯৫৭৪১৯৯

পার্টনারশীপ লীড
ড্রাউনিং প্রিভেনশন পার্টনারশীপ প্রজেক্ট/ SYNERGOS
বাড়ি ২/বি, রোড ৪, ব্লক বি
বনানী, ঢাকা ১২৩, বাংলাদেশ

**<u>সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ</u>**

১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিঃ ও পরিসংখ্যান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
৪। যুগ্মসচিব (পরিঃও পরিসংখ্যান অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।